

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৮৪

বিলেনীয়া, ১৬ জানুয়ারি, ২০২৪

রাধানগর পঞ্চায়েতভিত্তিক বিকাশ মেলা

সমাজের অস্তিম ব্যক্তির কাছে বিভিন্ন প্রকল্পের

সুবিধা পৌঁছে দেওয়া হচ্ছে : কেন্দ্রীয় প্রতিমন্ত্রী

বিকশিত ভারত সংকল্প যাত্রা এবং প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে আজ রাজনগর ব্লকের রাধানগর পঞ্চায়েত অফিস প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় পঞ্চায়েতভিত্তিক বিকাশ মেলা। মেলার উদ্বোধন করেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। বিকাশ মেলার উদ্বোধন করে তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের সংকল্প নিয়েছেন। এই লক্ষ্যে দেশের প্রতিটি নাগরিকের সার্বিক বিকাশে উদ্যোগ নেওয়া হয়েছে। বিকাশ মেলার মাধ্যমে সমাজের অস্তিম ব্যক্তির কাছে সরকারি বিভিন্ন প্রকল্পের সুবিধা পৌঁছে দেওয়া হচ্ছে। তিনি জনগণের কল্যাণে সরকারের গৃহীত বিভিন্ন প্রকল্পের বিস্তৃত ব্যাখ্যা করে এসমস্ত প্রকল্পের সুবিধা গ্রহণ করতে অনুরোধ জানান। অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী এক ত্রিপুরা, শ্রেষ্ঠ ত্রিপুরা, এক ভারত শ্রেষ্ঠ ভারত গঠনে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

উদ্বোধনী অনুষ্ঠানের পর কেন্দ্রীয় প্রতিমন্ত্রী মেলা প্রাঙ্গণে বিভিন্ন সরকারি দপ্তরের প্রদর্শনী স্টল ঘুরে দেখেন। শিবিরে তিনি সুবিধাভোগীদের হাতে কনিজাল, উজ্জ্বলা গ্যাস সংযোগপত্র, স্বসহায়ক দলগুলির সদস্যদের হাতে ঋণের চেক তুলে দেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক স্বপ্না মজুমদার, রাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান তপন দেবনাথ, ভাইস চেয়ারম্যান রতন সেন চৌধুরী, সমাজসেবী রণজিৎ সরকার, রাজনগর ব্লকের বিডিও সৈকত সাহা প্রমুখ।
